

লোহিত সাগরে পর্যটকবাহী প্রমোদতরী ডুবি

- A Monitor Desk Report

Date: 26 November, 2024



কায়রো : লোহিত সাগরে একটি পর্যটকবাহী প্রমোদতরী ডুবে যাওয়ার ঘটনায় বিদেশিসহ ১৭ জন নিখোঁজ হয়েছে। এ ঘটনায় আরও উদ্ধার করা হয়েছে ২৮ জনকে।

সোমবার (২৫ নভেম্বর) আন্তর্জাতিক সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে মিশর কর্তৃপক্ষের বরাত দিয়ে খবরটি জানানো হয়।

প্রতিবেদনে বলা হয়, মিশরের রেড সী প্রদেশের গভর্নর অমর হানাফি জানান, পর্যটকবাহী তরী 'সী স্টোরি' শনিবার (২৩ নভেম্বর) মিশরের পর্যটন শহর মারসা আলমের কাছের বন্দর থেকে ছেড়ে এসেছিল। স্থানীয় সময় সোমবার ভোর ৫ টা ৩০ মিনিটের (০৩:৩০ জিএমটি) দিকে তরী থেকে একটি বিপদ সংকেত পাঠানো হয়।

তিনি বলেন, '৩১ জন পর্যটক এবং ১৪ জন ক্রু নিয়ে সী স্টোরি ৫ দিনের ভ্রমণের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছিল। বেঁচে যাওয়াদেরকে মারসা আলম এর দক্ষিণে ওয়াদি আল জেমাল এলাকায় খুঁজে পাওয়া যায়।' তাদেরকে প্রয়োজনীয় চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে বলে জানান তিনি।

তিনি আরও বলেন, 'মিশরীয় নৌবাহিনীর যুদ্ধজাহাজ এল ফাতেহ এবং সামরিক বিমান নিখোঁজদের খুঁজতে কাজ করছেন।'

কর্তৃপক্ষ ঘটনার সম্ভাব্য কারণ নিশ্চিত করেননি।

শনিবার মিশরীয় আবহাওয়া কর্তৃপক্ষ আবহাওয়ার কারণে ভূমধ্যসাগর এবং লোহিত সাগরে ঝড়ের পূর্বাভাস দিয়ে রোববার ও সোমবার সমুদ্রে অবস্থান নিয়ে সতর্কবার্তা জারি করেছিল।

আবহাওয়া অফিস জানায়, এ সময় বাতাসের গতিবেগ ছিল ৬০ থেকে ৭০ কিমি/ঘণ্টা ও তরঙ্গের উচ্চতা ছিল তিন থেকে চার মিটার।

মারসা আলমের স্থানীয় কাউন্সিলের বলেন, 'প্রমোদতরীর কুরা সবাই মিশরীয় এবং বোর্ডে থাকা পর্যটকদের মধ্যে পাঁচজন স্প্যানিশ, চারজন ব্রিটিশ, চারজন জার্মান এবং দুজন মার্কিন নাগরিক রয়েছে। উদ্ধারকৃতদের মধ্যে কারা রয়েছেন এবং কে নিখোঁজ রয়েছেন তা স্পষ্ট নয়।'

-B